

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৩০৭(আগরতলা- ১৮।০৭)

সোনামুড়া, ১৮ জুলাই' ১৭

স্বাধীনতা দিবস : সোনামুড়ায় প্রস্তুতি

বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে সোনামুড়ায় স্বাধীনতা দিবস উদযাপনের ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। এ উপলক্ষ্যে সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে আজ সোনামুড়া ডাক-বাংলোয় প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় সোনামুড়া নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন কমলা মজুমদার ও ভাইস চেয়ারপার্সন আবু তাহের, ভারপ্রাপ্ত মহকুমা শাসক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন সংস্থা ও সংগঠনের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় স্বাধীনতা দিবস এবং সুকান্ত জন্ম জয়ন্তী উদযাপনের বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে। কর্মসূচি অনুযায়ী ১৪ আগষ্ট সকাল ৭টায় পুরুষ ও মহিলাদের ক্রস কান্ট্রি দৌড় প্রতিযোগিতা, এদিন সকাল ৮টায় সোনামুড়া নতুন টাউন হল প্রাঙ্গণে সুকান্ত জন্ম জয়ন্তী উপলক্ষ্যে কবি প্রণাম অনুষ্ঠান আয়োজিত হবে। সন্ধ্যা ৬টায় বিভিন্ন সরকারী প্রতিষ্ঠানে আলোক সজ্জা, ১৫ আগষ্ট প্রভাত ফেরী, সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে সমস্ত বেসরকারী ও সকাল ৮টায় সমস্ত সরকারি প্রতিষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন, সকাল ৯টায় সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন। এদিন সকাল ৮টায় সোনামুড়া থানার পুকুরে আয়োজিত হবে সাঁতার প্রতিযোগিতা, সকাল ১১-৩০ মিনিটে হাসপাতালের রোগী ও সোনামুড়া উপ সংশোধনাগারের আবাসিকদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ, বিকালে আয়োজিত হবে প্রীতি ফুটবল প্রতিযোগিতা। এদিন সন্ধ্যায় সোনামুড়া নতুন টাউন হলে অনুষ্ঠিত হবে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান। ১৬ আগষ্ট দুপুরে সোনামুড়া উপ সংশোধনাগারে অনুষ্ঠিত হবে দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান।
